দৈনিক ইনকিলাব ৪|

তারিখ ৭|১১|২০০০
পৃষ্ঠা ৫ কলাম ৪

# বরিশাল বিএম কলেজে ছাত্রলীগের দু'দলের সংঘর্ষ ঃ কলেজের পিয়ন গুলীবিদ্ধ

বরিশাল ব্যুরো ঃ বরিশালের বিএম কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগের একই গ্রুপের দু'দলের সংঘর্ষে কলেজের একজন পিয়ন গুলীবিদ্ধ ও অপর এক কর্মী ছুরিকাহত হয়েছে। দু'জনকেই আশংকাজনক অবস্থায় বরিশাল মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। গতকাল (সোমবার) কলেজের সমাজকল্যাণ বিভাগের ভর্তি পরীক্ষায় ছাত্রলীগ কর্মী বাবু অংশ নিতে গিয়ে পছন্দমাফিক স্থানে বসতে না পেরে শিক্ষকদের সাথে কথা কাটাকাটি করে। এতে ছাত্রলীগেরই কয়েজন কর্মী তাকে বাধা দেয়।

পরবর্তীতে পরীক্ষা শেষ না করেই বাবু বের হয়ে যাবার সময় দলের রাশেদ গ্রুপ তাকে মারধর ও ছুরিকাহত করে। এ সময় কয়েক রাউন্ড গুলীবর্ষণের ঘটনা ঘটে। কলেজ পিয়ন মোতালেব এ সময় গুলীবিদ্ধ হয়। উভয়কেই মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ক্যাম্পাসে উত্তেজনার মুখে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। পরিস্থিতি উত্তেজনাকর হলেও নিয়ন্ত্রণে বলে পুলিশ জানিয়েছে। কোন মামলা হয়নি।